**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**22 AUGUST 2025** **7:35 AM IST**

===============================================================

দশে উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচনের জন্য মনোনয়ন পত্র পরীক্ষা করার আজ শেষ দিন । মনোনয়ন পত্র প্রত্যাহারের শেষ দিন হচ্ছে- আগামী ২৫শে আগস্ট ।

এদিকে আই এন ডি আই'এর মিত্রজোটের পক্ষ থেকে উপ-রাষ্ট্রপতি পদের প্রার্থী হিসেবে সুপ্রীম কোর্টের প্রাক্তন বিচারপতি বি. সুদর্শন রেড্ডি গতকাল সংসদ ভবনে মনোনয়ন পত্র জমা করেছেন । মনোনয়ন পত্র জমা করার সময় কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খার্গে, প্রবীণ কংগ্রেস নেত্রী সোনিয়া গান্ধী, এন সি পি নেতা শারদ পাওয়ার সহ মিত্রজোটের বেশকয়েকজন প্রবীণ নেতা উপস্থিত ছিলেন । উল্লেখ্য- আগামী নয়ই সেপ্টেম্বর উপ-রাষ্ট্রপতি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে ।

---

রাজ্যে আগামী অক্টোবর মাস থেকে ১৮ বছরের উর্ধ্বে ব্যাক্তিদের আর নতুন করে আধার কার্ড প্রদান করা হবে না । গতকাল গুয়াহাটীর কইনাধরায় আয়োজিত মন্ত্রীসভার বৈঠকের পর মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে অনুসূচিত জাতি, জনজাতি এবং চা জনগোষ্ঠীর লোকেদের এই নতুন নিয়মের আওতার বাইরে রাখা হচ্ছে । মূখ্যমন্ত্রী ড.শর্মা আধারকার্ড না থাকা লোকেদের আগামী সেপ্টেম্বর মাসের মধ্যেই আবেদন করতে আহ্বান জানান । এরপর খুব প্রয়োজন হলে জনসাধারন জেলা আয়ুক্তের অনুমতি নিয়ে আধারের জন্য আবেদন করতে পারবেন বলে মূখ্যমন্ত্রী জানিয়েছেন । রাজ্যে

বাংলাদেশী অনুপ্রবেশ প্রতিরোধ করতে এই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে মূখ্যমন্ত্রী জানান । কোনো অনুপ্রবেশকারী যাতে আসামে আধারকার্ডের সুবিধা নিয়ে ভারতীয় নাগরিক হতে না পারে সেজন্য আসাম মন্ত্রীসভা এই সিদ্ধান্ত গ্রহণ করেছে ।

মূখ্যমন্ত্রী ডক্টর শর্মা আরো জানান --------- **বাইট**

---

কাছাড় জেলার চা শ্রমিকরা আগামী দশই সেপ্টেম্বরের মধ্যে দুর্গাপূজার বোনাস লাভ করবেন বলে জেলা প্রশাসনের পক্ষ থেকে নির্দেশনা জারি করা হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব জেলার চা বাগানগুলির কর্তৃপক্ষকে আগামী ৩১শে আগস্টের মধ্যে বোনাস ঘোষণা করতে নির্দেশ দিয়েছেন । এছাড়া ঘোষিত বোনাস গত বছরের তুলনায় কম হতে পারবে না বলেও স্পষ্ট করে দেওয়া হয়েছে । চা শ্রমিকদের সময়মতো বোনাস পাওয়ার ক্ষেত্রে যাতে কোনো অসুবিধা না হয়, সে বিষয়ে সব পক্ষকে একযোগে কাজ করার জন্য জেলা আয়ুক্ত আহ্বান জানিয়েছেন ।

---

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আসাম সহ উত্তর-পূর্ব ভারতের সব কটি রাজ্যে আগামী দু-তিন দিন ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে ।

---

শ্রীভূমির দি করিমগঞ্জ হোল-সেল কো-অপারেটিভ স্টোর্স লিমিটেডের বার্ষিক সাধারন সভা আগামী ২৬শে আগষ্ট শ্রীভূমি শহরের বিপিন পাল ভবনে অনুষ্ঠিত হবে । সভায় সম্পাদকের প্রতিবেদন , গত সাধারন সভার কার্য্যবিবরনী পাঠ , চলতি বছরের কর্ম পরিকল্পনা , আয়-ব্যয়ের হিসেব ,বাজেট অনুমোদন , উর্ধতম ঋন গ্রহনের সীমা নির্ধারন ,আভ্যন্তরীন হিসাব পরীক্ষক নিয়োগ ও বিবিধ বিষয়

নিয়ে আলোচনা করা হবে । দি করিমগঞ্জ হোল-সেলকো-অপারেটিভ স্টোর্স লিমিটেডের ভারপ্রাপ্ত সম্পাদক এক বিজ্ঞপ্তীতে সদস্যদের বার্ষিক সাধারন সভায় যোগ দিতে অনুরোধ করেছেন ।

---

সারা আসাম নির্মান শ্রমিক ইউনিয়নের কাছাড়-হাইলাকান্দি জেলার চর্তুথ সম্মেলন গতকাল শিলচর মালুগ্রামের শহীদ স্মৃতি ভবনে অনুষ্ঠিত হয়েছে । ইউনিয়নের কাছাড় সভাপতি দিলাওর আলী লস্কর ও সিটুর রাজ্য সম্পাদক তপন শর্মা পতাকা উত্তোলন করে সম্মেলনের সূচনা করেন । পরে আয়োজিত আলোচনা সভায় রাজ্যে নির্মান শ্রমিকদের বিভিন্ন সমস্যা ও অভাব-অভিযোগ নিয়ে সুভাষ দেব , সোমা দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

---

শ্রীভূমি পৌরসভার কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে শ্রীভূমি শহরের র্দূগা পূজা কমিটির কর্মকর্তাদের জানিয়েছেন যে গত বছরের ন্যায় এবছরও রাজ্য সরকার থেকে র্দূগা পূজা কমিটিগুলিকে আর্থিক সহায়তা প্রদান করার সিদ্ধান্ত নিয়েছে । এর পরিপ্রেক্ষিতে শ্রীভূমি শহরে কমপক্ষে তিন বছর র্দূগা পূজা সম্পন্ন করা পূজা কমিটির কর্মকর্তাদের আগামী ২৬শে আগষ্টের মধ্যে পূজা কমিটির নামে থাকা ব্যাঙ্ক একাউন্ট নম্বর শ্রীভূমি পৌরসভা কার্য্যলয়ে জমা দেবার আহ্বান জানানো হয়েছে ।

---

জেলা ক্রীড়া সংস্থা লক্ষীপুরের উদ্যোগে আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা প্রাইজমানী স্মৃতি ফুটবল প্রতিযোগীতার ফাইনাল খেলায় রাইজিং ক্লাব বিজয়ী হয়েছে । গতকাল পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় রাইজিং ক্লাব ৮-৬ গোলে এভারেষ্ট ক্লাবকে পরাজিত করে ।
খেলা শেষে খেলোয়াড়দের হাতে পুরষ্কার তুলে দেন ডি এস এ সভাপতি রাজদীপ গোয়ালা , সচিব দেবব্রত পাল প্রমূখ ।

প্রতিযোগীতার সেরা খেলোয়াড় হিসেবে রাইজিং ক্লাবের লালরেমকাং মার এবং ফাইনাল খেলার সেরা খেলোয়াড়ের হিসেবে লেটমিনলুন সিংসোনকে পুরস্কৃত করা হয়েছে ।

---

ধলাই-র মাতৃভূমি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানী ফুটবল প্রতিযোগীতার কোয়াটার ফাইনালে উঠল লোকনাথপুর ইয়ংস্টার এফ সি দল । বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজকের খেলায় দর্মিখাল এফ সি এবং লোকনাথপুর এফ সি পরস্পরের মূখোমূখি হবে । এদিকে গতকালের খেলায় লোকনাথপুর ইয়ংস্টার এফ সি ৪-১ গোলে ভি এস এম জয়নগর দলকে পরাজিত করে ।

---